Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই চৈত্র বুধবার ১৩৬৪ ইংরাজী 19th Mar. 1958 { ৪১শ সংখ্যা

২৭শে ফাল্গুন ১৮৭৯ শকাব্দ





উজ্জ্বল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sen & Co.

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৫ই চৈত্র বুধবার সন ১৩৬৪ সাল।

# স্বাধিকার-প্রমত্ত

—•—

এক মাতাল কলিকাতার বড়বাজার দিয়া চলিয়াছে। একটি ছুঁচো চিক্ চিক্ শব্দ ক'রে তার দু পায়ের মধ্য দিয়ে ছুটে এক দোকানের সিঁড়ির খিলানের পাশে নর্দ্দমায় আশ্রয় লইয়াছে। মাতাল একখানি বাখারি সংগ্রহ করিয়া খিলানের মধ্য দিয়ে খোঁচাইতে লাগিল। ছুঁচোটি খোঁচা খাইয়া বাহির হইতে বাধ্য হইল। রাস্তা দিয়া যত ছোটে মাতাল তাহার পশ্চাদ্ধাবন করিয়া ছুঁচোটি যেখানে আশ্রয় লয়, তাহাকে খোঁচাইতে আরম্ভ করে। অবশেষে নাচার হইয়া ছুঁচো তার বাখারির আঘাতে মৃত্যুমুখে পতিত হইল। মাতাল তার ল্যাজ ধরিয়া ঝুলাইতে ঝুলাইতে লইয়া যায় আর বলে—কি বাবা গন্ধ-মূষিকচন্দ্র আর আমার দু পায়ের মধ্য দিয়ে যাবে! ঠিক হয়েছে! এক ভদ্রলোক তাকে জিজ্ঞাসা করলেন—ছুঁচোটা তোমার দুপায়ের মধ্য দিয়ে চলে গেল এতে তোমার কি ক্ষতি হলো বাবা? যে এত মেহনৎ ক'রে ওকে বধ করলে তো ছাড়লে? মাতাল আর কাকে বলে!

মাতাল—বাবা! আইন কানুন না জেনে মাতালকে নিন্দা করতে লজ্জা করে না?

ভদ্রলোক বল্লেন—আমি আইন সভার সভ্য। আমরাই আইন তৈরী করি।

তবে ঠিকই বলেছ। পালের গোধা যা বলে তাতেই হুঁ দিয়ে আইন কর তো? দেশকে জাহান্নমে দিয়ে নিজের স্বার্থ সিদ্ধি কর।

দেখ বাবা যদি মাতাল অর্থাৎ প্রমত্ত হ'তে তবে স্বাধিকার প্রমত্ত হ'তে! আজ দু পায়ের মধ্য দিয়ে একটা ছুঁচো গেল কিছু বললাম না। কাল একটা ছাগল গেল, পরশু একখানা সাইকেল গেল, তারপর ট্রাম কোম্পানি আমার দু পায়ের মধ্য দিয়ে লাইন পেতে গাড়ী চালাতে লাগলো। আমি তখন দু'পা ফাঁক করে দাঁড়িয়ে থাকি। এই বুদ্ধিতেই তো মরেছ বাবা সকল। পাকীস্থান তোমাদের কিনা করছে তোমরা চুপ ক'রে সইছো। আমি ছুঁচো থেকে ধরেছি। আজ সার কেলেঙ্কারী! কাল জীপ কেলেঙ্কারী তারপর কত কেলেঙ্কারী অদৃষ্টে হয়েছে একবার ঠিক দাও দেখি। দুর্নীতি যদি আমার মত ছুঁচো হ'তে বাধা দিতে আর শ্রীশ্রীপ্রধান মন্ত্রীর মত নিকটস্থ লাইট পোষ্টে ঝুলাইতে সুরু করতে দেশ শাসন হয়ে যেতো।

সাধারণ নির্ব্বাচনে ফেল হলো মাত্র একটাকে মেম্বর করে নিলে, দলের লোক হ'লে তার পোয়া বার। দ্বিতীয় সাধারণ নির্ব্বাচনে ফেল হওয়া ফেলারামকে রাজ্যপাল করা কোন সংবিধানে হইয়ে দিলে। বাবা আমাদের মোটা বুদ্ধি তাই ছুঁচো থেকে ধরেছি। পাদুটি আমার, দেশ দরদী তোমরা দেশের লোকসান ক'রে দলের মুনফা হলেই তোমরা খুসী। "সরকার কা মাল—দরিয়া মে ডাল।"

যা সাধ্যের অতীত তাই তোমরা পরিকল্পনা নাম দিয়ে কত চুরি কল্পনায় সাহায্য করছো। আজ ভিক্ষাপাত্র হাতে ধার করার জন্য দুনিয়া ঘুরে বেড়াচ্ছো। এতে কত সুনাম ছুটছে। সোভিয়েৎ স্পুটনিক ক'রে নাম নিচ্ছে, তোমরা ফুটোনি ক'রে দেশের লোককে উপোসী রেখে আজ এ দেশের অতিথি কাল ও দেশের অতিথিকে চর্ব্ব্য চোষ্য খাইয়ে দেশের অর্থের আদ্যশ্রাদ্ধ করছো। আমি মাতাল! প্রমত্ত! স্বাধিকার-প্রমত্ত! তোমাদের অপকর্ম্মে অর্থ ব্যয় আর তার তদন্তে অর্থ ব্যয়, অর্থ যা ইংরেজ দিয়েছিল তার এর মধ্যেই চিচিং ফাঁক।

---

## বিচার মন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের পদত্যাগপত্র গভর্ণর কর্ত্তৃক গৃহীত

### শ্রীরায়ের দুইটি দপ্তর শ্রীজালান ও শ্রীভূপতি মজুমদারের মধ্যে বণ্টন

কলিকাতা ১৫ই মার্চ্চ—গভর্ণরের সেক্রেটারী অদ্য রাত্রে পি, টি, আই প্রতিনিধিকে বলেন, পশ্চিম বঙ্গের গভর্ণর অদ্য অপরাহ্নে মন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের পদত্যাগপত্র গ্রহণ করিয়াছেন। এই সম্পর্কে একটি বিজ্ঞপ্তি ইতিমধ্যে প্রচারিত হইয়াছে।

মুখ্যমন্ত্রীর উপদেশ অনুসারে গভর্ণর অপর এক বিজ্ঞপ্তি দ্বারা শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের দপ্তরগুলি নিম্নলিখিত ভাবে বণ্টন করিয়া দিয়াছেন :—

(১) শ্রী আই, ডি, জালান আইন দপ্তরের ভার গ্রহণ করিবেন এবং (২) শ্রীভূপতি মজুমদার আদিবাসী কল্যাণ দপ্তরের ভার গ্রহণ করিবেন।

---

## যক্ষ্মা আরোগ্যোত্তর কলোনি তহবিলে আরও অর্থ আদায়

স্বর্গীয় ডক্টর হরেন্দ্রকুমার মুখোপাধ্যায়ের প্রথম মৃত্যু বার্ষিকী উপলক্ষে তৎকর্ত্তৃক স্থাপিত যক্ষ্মা আরোগ্যোত্তর কলোনি পরিকল্পনায় সাহায্যের জন্য রাজ্যপাল তাঁহার আবেদনের সাড়ায় গত ১০ই মার্চ্চ (১৯৫৮) পর্য্যন্ত নিম্নলিখিত আরও অর্থ সাহায্য পাইয়াছেন। শ্রী এন, এন, বসু ১০ টাকা; শ্যামবাজার পোষ্ট অফিস রিক্রিয়েসন ক্লাব ১০১ টাকা এবং ক্যালিপসো কার্নিভাল কমিটি (প্রথম কিস্তি) ৬৬,২৪৭ টাকা ২২ নয়া পয়সা। —প্রেসনোট

---

## রাষ্ট্র ভাষায় হিন্দীর স্থান সম্বন্ধে কলিকাতায় মহতী সভা

গত ৮ই মার্চ্চ মাদ্রাজের প্রবীণতম রাজনৈতিক নেতা রাজা গোপালাচারিয়া, পাঞ্জাবের আকালী শিখ নেতা শ্রীতারা সিং, এংগ্লো ইণ্ডিয়ান মিঃ এন্টনি এম, পি, প্রমুখ নেতৃবৃন্দ কলিকাতার ইউনিভারসিটি ইন্‌ষ্টিটিউসন হলে দুইদিন ব্যাপী ভাষা বিভ্রাট সম্বন্ধে সরকারী সিদ্ধান্তের বিরোধিতা করিয়া সভায় বক্তৃতা করিয়া গিয়াছেন। প্রথম দিনের সভায় সভাপতিত্ব করেন শ্রীরাধাবিনোদ পাল। সভায় ভারতের নানা দেশ হইতে বহু প্রতিনিধি আসিয়া এক বাক্যে হিন্দীকে রাষ্ট্র ভাষা করিয়া ১২ কোটি লোকের ভাষা ৩৮ কোটি লোকের উপর চাপাইবার ঘোর আপত্তি করেন। যেমন ইংরাজী ভাষা কেন্দ্রে চলিতেছে তেমনি চালাইবার সিদ্ধান্ত করেন। এখন দেখা যাক হিন্দী ভাষীদের হীন জিদ্ কতদূর কার্য্যকরী হয়।

---

## বেদিয়ার সাপ নিয়ে নাতি করে খেলা

—৹—



বাঙাল দেশের সাপের গুণী
মন্ত্রে তন্ত্রে দড়—
কলকাতাতে ধরলে নাগ
পাঁচটি বড় বড়!

সবাই তারা থাকতো ছাড়া
পুরতো না ঝাঁপিতে
ইংরেজকেও বেদের মন্ত্রে
হয়েছে কাঁপিতে!

যে মুলুকে গেলেন গুণী
চারটি গেছে তথা
এক নাগ বিষম রাগ
ফোঁস্ ছাড়া নাই কথা!

গুণীর নাতি ফুলিয়ে ছাতি,
উঠলো ফণার 'পরে।
ল্যাংটা হয়ে বাজায় বাঁশী—
আরও বা কি করে!

---

## সুবিধা হারে ছাত্রদের রেলভ্রমণ

২৫ বৎসরের অনধিক হওয়া চাই

ভবিষ্যতে ছাত্রদের সুবিধা হারে রেল ভ্রমণ করিতে হইলে তাহাদের বয়স ২৫ বৎসরের অনধিক হওয়া চাই। রেলওয়ে বোর্ডের এই সিদ্ধান্ত আগামী ১লা মে, ১৯৫৮ হইতে কার্য্যকরী করা হইবে।

—প্রেঃ ইঃ ব্যুঃ

---

## বৃত্তি লাভ

রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রবীণ শিক্ষক শ্রীপূর্ণচন্দ্র সাহা মহাশয়ের কনিষ্ঠ পুত্র শ্রীমান্ কমলকান্তি সাহা স্কুল ফাইনাল পরীক্ষায় কৃতিত্বের জন্য মাসিক ১২, টাকা হিসাবে দুই বৎসর কাল বৃত্তি পাইবে। আমরা শ্রীমানের সাফল্যে বিশেষ আনন্দিত হইয়াছি এবং তাহার ভবিষ্যৎ উন্নতি কামনা করিতেছি।

---

## গঙ্গাবক্ষে নৌবাইচ ফাইন্যাল

গত ২৫শে ফাল্গুন রবিবার স্বর্গত রাজ্যপাল হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় মহাশয়ের প্রদত্ত ভারতীয় চিত্রকলার রমণীয় নিদর্শন রৌপ্যনির্মিত ময়ূরপঙ্খী 'রাজ্যপাল জয়নিধি' বাইচ প্রতিযোগিতার চূড়ান্ত খেলায় আরিয়াদহ রোয়িং ক্লাবের 'মহানন্দা' গত বৎসরের বিজয়ী দক্ষিণেশ্বরের ওয়াই এম এ'র 'কাবেরী'কে এক নৌকার ব্যবধানে পরাজিত করিয়া জয়লাভের গৌরব অর্জন করিয়াছে।

---

## সরকারী কর্ম্মচারীদের দাবী

অবিলম্বে পে-কমিশন নিয়োগ ও ২৫, টাকা হারে মাগ্‌গী ভাতা বৃদ্ধির দাবীতে গত ১৫ই মার্চ্চ মুর্শিদাবাদ জেলার সরকারী কর্ম্মচারিবৃন্দ সভা ও শোভাযাত্রার আয়োজন করেন। গান্ধী পার্কে শ্রীবিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায়ের সভাপতিত্বে এক সভার পর কর্ম্মচারীরা শোভাযাত্রা সহকারে অতিরিক্ত জেলা শাসকের সমীপে উপস্থিত হইয়া দাবীপত্র পেশ করেন।

—'জনমত'

---

## ষ্টেটমেণ্ট

১৯৫৬ সালের সংবাদপত্র রেজিষ্ট্রেশান (কেন্দ্রীয়) আইনের ৮ ধারা অনুযায়ী মালিকানা ও অন্যান্য বিষয়ক বিবরণ।

ফরম ৪

### জঙ্গিপুর সংবাদ

( সাপ্তাহিক সংবাদপত্র )

১। যে স্থান হইতে প্রকাশিত হয়—জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, পণ্ডিত প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঙ্গ)

২। প্রকাশের সময়-ব্যবধান—সাপ্তাহিক

৩। মুদ্রাকরের নাম—শ্রীবিনয়কুমার পণ্ডিত
জাতি—ভারতীয় নাগরিক
বাসস্থান—চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

৪। প্রকাশকের নাম—শ্রীবিনয়কুমার পণ্ডিত
জাতি—ভারতীয় নাগরিক
বাসস্থান—চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

৫। সম্পাদকের নাম—শ্রীবিনয়কুমার পণ্ডিত
জাতি—ভারতীয় নাগরিক
বাসস্থান—চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

৬। এই সংবাদপত্রের স্বত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অ' ধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিক' না—
স্বত্বাধিকারী—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত,
পণ্ডিত প্রেস, চাউলপটী, পোঃ রঘুনা থগঞ্জ
জেলা মুর্শিদাবাদ ( পঃ ; বঙ্গ )

আমি, শ্রীবিনয়কুমার পণ্ডিত, এত' দ্বারা ঘোষণা করিতেছি যে উপরোক্ত বিবরণসমূহ ' মামার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

তারিখ স্বাক্ষর—শ্রী' বিনয়কুমার পণ্ডিত
রঘুনাথগঞ্জ প্রকাশক।
১২ই মার্চ্চ, ১৯৫৮

---





## বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটা আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-19

---

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :— ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত